গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী রওশন আক্তার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ২২-০২-২০১৭ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, ০৩-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যপত্রের আলোকে সিদ্ধান্তসমূহ নিয়ে আলোচনা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

| ক্রম নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ইনোভেশন টিম পুনর্গঠন | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন টিম পুনর্গঠন করেছে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন টিম পুনর্গঠন করেছে। তবে টিমের কোন সদস্য বদলিজনিত কারণে পরিবর্তন হলে টিম দ্রুত ব্যবস্থা গ্রহন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ০২ | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন | বিদ্যুৎ বিভাগ ও অধিনস্ত দপ্তর/ সংস্থা/ কোম্পানির বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়।সভায় জানানো হয় যে, ওজোপাডিকো ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ছাড়া সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করেছে। ওজোপাডিকো ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড তাঁদের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বিদ্যুৎ বিভাগে ১০/০৩/২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ওজোপাডিকো ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড তাদের বার্ষিক কর্ম পরিকল্পনা প্রস্তুত করে ১০/০৩/২০১৭ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করবে। | ওজোপাডিকো ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড |
| ০৩ | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি (মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/কোম্পানি) | সভায় জানানো হয় যে, বিপিডিবি ও আরপিসিএল নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করেছে। এছাড়াও অন্যান্য দপ্তর/সংস্থার অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করে নিম্নোক্ত ছকে প্রতিবেদন প্রস্তুত করা হলো। | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে তার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১) ডেসকো কর্তৃক গৃহীত কার্যক্রমঃ মোবাইল এ্যাপস এর মাধ্যমে গ্রাহক সেবা।<br>২) ডিপিডিসি কর্তৃক গৃহীত কার্যক্রমঃ<br>• বায়োমেট্রিক ডিভাইস ব্যবহার করে রিয়েল টাইম এটেনডেন্স মনিটরিং সিস্টেম।<br>• মোবাইল এ্যাপস এর মাধ্যমে গ্রাহক সেবা প্রদান।<br>• প্রি-পেইড মিটারিং সিস্টেম এ মাদার চাইল্ড সল্যুশন বাস্তবায়ন।<br>• ডকুমেন্ট আর্কাইভিং সিস্টেম।<br>৩) বিপিডিবি কর্তৃক গৃহীত কার্যক্রমঃ<br>• স্পট মিটারিং<br>• স্ন্যাপ শটের মাধ্যমে মিটার রিডিং গ্রহণ।<br>৪) ওজোপাডিকো কর্তৃক গৃহীত কার্যক্রম<br>• ওয়েববেইজড ইনভেনটরি ম্যানেজমেন্ট সিস্টেম।<br>• প্রিপেমেন্ট মিটারিং সিস্টেম | | |
| ০৪ | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ | বাবিউবো কর্তৃক ২ টি, বাপবিবো কর্তৃক ২ টি উদ্ভাবনী উদ্যোগ নেয়া হয়েছে। | মাঠ পর্যায়ে অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন/গ্রহণ করে বিদ্যুৎ বিভাগে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রতিবেদন প্রেরণ করবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৫ | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা /কোম্পানির কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্যোগ | বাবিউবো কর্তৃক ২ টি যথা স্ন্যাপ শটের মাধ্যমে মিটার রিডিং গ্রহণ ও স্টপ মিটারিং এবং বাপবিবো কর্তৃক ২টি যথা স্টপ মিটারিং ও নতুন সংযোগ সহজীকরণ উদ্ভাবনী উদ্যোগসহ মোট ৪টি উদ্যোগ বাস্তবায়নাধীন আছে। | অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৬ | মন্ত্রণালয়ের উদ্যোগে মাঠ পর্যায়ে উদ্যোগ পর্যালোচনার তারিখ | বাবিউবোর Snap Shot : ১৬ আগষ্ট, ২০১৬ এবং অনলাইনে বিদ্যুৎ সংযোগ ১ মে, ২০১৬। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় স্পট মিটারিং ৪ মার্চ, ২০১৭ (পিরোজপুর জেলা) | অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগসমূহ পর্যালোচনা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৭ | মাঠ পর্যায়ের উদ্যোগ রেপ্লিকেশন পরিকল্পনা/সংখ্যা | বাবিউবোর মোট ৪টি যথাঃ (ক) স্প্যাপ শটের মাধ্যমে মিটার রিডিং (খ) অনলাইনে বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ (গ) বিল অন ওয়েব (ঘ) কমপ্লেইন সেন্টার | অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগসমূহ রেপ্লিকেশন করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ৮ | রেপ্লিকেশন সম্পন্ন করা মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ | বিউবোর ময়মনসিংহ বিভাগীয় শহর ও নেত্রকোনা জেলা শহরে স্ন্যাপ শট এর মাধ্যমে মিটার রিডিং রেপ্লিকেশন | অন্যান্য দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগসমূহ রেপ্লিকেশন করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সম্পন্ন হয়েছে। অন্যন্য উদ্যোগের রেপ্লিকেশন চলমান রয়েছে। | | |
| ৯ | ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | বিদ্যুৎ বিভাগ, ডেসকো, বাবিউবো ইনোভেশন সংক্রান্ত দুই দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করেছে। অন্যান্য দপ্তর/ সংস্থা/ কোম্পানির ইনোভেশন টিমের সদস্যের সমন্বয়ে ২ দিনের প্রশিক্ষণ শীঘ্রই আয়োজন করার পরামর্শ দেয়া হয়। | দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের সদস্যের সমন্বয়ে ২ দিনের প্রশিক্ষণ জরুরী ভিত্তিতে আয়োজন করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১০ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কতজন কর্মকর্তাকে প্রনোদনা প্রদান করা হয়েছে। (পুরস্কার/ডিও লেটার ইত্যাদি) | বিদ্যুৎ বিভাগ হতে মোট ৭ জন কর্মকর্তাকে ডিও লেটার দেয়া হয়েছে। স্বস্ব দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগে ইনোভেশন সংক্রান্ত কাজের স্বীকৃতিস্বরুপ ক্রেষ্ট/ডিও পত্র/প্রণোদনা ইত্যাদি দেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক্রেস্ট/ডিওলেটার/ইনসেনটিভ প্রদান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিদ্যুৎ বিভাগ |
| ১১ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কতজন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগে কর্মকর্তাদেরকে বিদেশে পাঠানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকদের সবসময় অগ্রাধিকার দিতে হবে। | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানির স্বীয় উদ্যোগে কর্মকর্তাদেরকে বিদেশে পাঠানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকদের সবসময় অগ্রাধিকার দিতে হবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১২ | মেন্টরিং | বিদ্যুৎ বিভাগের এপিএ এর সাথে সম্পৃক্ত বিশেষজ্ঞ পুলের কর্মকর্তাবৃন্দকে মেন্টরিংয়ের দায়িত্ব দেয়া হয়েছে। বিদ্যুৎ বিভাগের যুগ্মসচিব (উন্নয়ন-৫) মেন্টরিং পর্যালোচনার দায়িত্ব পালন করছেন মর্মে সভায় জানানো হয়। | স্ব-স্ব দপ্তর/সংস্থা/কোম্পানি স্ব-স্ব প্রতিষ্ঠানে মেন্টর মনোনয়ন দিবেন। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১৩ | ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানির নিজস্ব প্রশিক্ষণ মডিউলে "বিদ্যুৎ সেক্টরে ইনোভেশন" শিরোনামে ২ ঘন্টার প্রশিক্ষণ মডিউল যুক্ত করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সহায়তার জন্য প্রয়োজনে এটুআই এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হয়। | স্ব-স্ব দপ্তর/সংস্থা/কোম্পানি তাঁদের প্রশিক্ষণ কার্যক্রমে ইনোভেশন এর বিষয়টি যুক্ত করবে এবং প্রশিক্ষণ অব্যাহত রাখবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১৪ | দপ্তর ভিত্তিক ফেসবুক পেজ তৈরি (সোস্যাল মিডিয়ার ব্যবহার) | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/কোম্পানি তাদের নিজস্ব ফেসবুক পেজ খুলেছে এবং নিয়মিত আপডেট করছে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ফেসবুক পেজ নিয়মিত আপডেট করতে হবে। প্রত্যেক ফেসবুক পেজের লিংক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। ফেসবুক পেজে "শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" এই ব্রান্ডিং অন্তভূক্ত করতে হবে। | বিদ্যুৎ বিভাগ ও সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১৫ | ই-ফাইলিং বাস্তবায়ন | সভায় ই-ফাইলিং বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগ এবং স্রেডাতে দ্বিতীয় ভার্সনের ই-ফাইলিং বাস্তবায়ন করা হয়েছে। দপ্তর/ সংস্থা/ কোম্পানিতে | বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানিতে পর্যায়ক্রমে ই-ফাইলিং বাস্তবায়ন করতে হবে। পরবর্তি সভায় ই-ফাইলিং বাস্তবায়নের তথ্য ছকে উপস্থাপন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পর্যায়ক্রমে ই-ফাইলিং বাস্তবায়ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৬ | ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করণ। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে হোম পেজ বাংলায় রূপান্তর করে সেটি ডিফল্ট পেজ হিসাবে রাখতে হবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রূপান্তর করতে হবে। | দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১৭ | বিবিধ | পিজিসিবির প্রতিনিধি সভায় জানায় যে, পিজিসিবির কর্মকর্তা/কর্মচারিদের জন্য একটি মোবাইল এ্যাপস প্রস্তুত করা হয়েছে এবং আগামী সভায় সেটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | আগামী ইনোভেশন টিমের সভায় পিজিসিবি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের উন্নয়নকৃত মোবাইল এ্যাপস উপস্থাপন করবে এবং একইসাথে বিপিডিবি তাদের ইনোভেশন কার্যক্রমও উপস্থাপন করবে। | পিজিসিবি ও বিপিডিবি |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/০৩/১৭

(কাজী রওশন আক্তার)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বিদ্যুৎ বিভাগ